ছাদের জন্য
# লোহার কড়ি
বরগা, এঙ্গেল, করগেট, বল্টু ইত্যাদি উচিত মূল্যে বিক্রয় করি।
সস্তা দরের জন্য পত্র লিখুন।
নিরঞ্জন এণ্ড কোং লিঃ
ম্যানেজিং ডিরেক্টার :— শ্রীমহিমারঞ্জন চট্টোপাধ্যায়,
২নং দর্মাহাটা ষ্ট্রীট, কলিকাতা।

Reg. No. C. 853

# জঙ্গিপুর সংবাদ

## সাপ্তাহিক সংবাদ পত্র।

**জঙ্গিপুর সংবাদের নিয়মাবলী**
জঙ্গিপুর সংবাদের সডাক বার্ষিক মূল্য ২৲ হাতে ১॥০ টাকা। নগদ মূল্য /০ এক আনা। বাৎসরিক মূল্য অগ্রিম দেয়।
জঙ্গিপুর সংবাদে বিজ্ঞাপনের হার প্রতি সপ্তাহের জন্য প্রতি লাইন ৵০ আনা, এক মাসের জন্য প্রতি লাইন প্রতিবার ৵০ আনা, তিন মাসের জন্য প্রতি লাইন প্রতিবার /১০ আনা। বড় স্থায়ী বিজ্ঞাপনের বিশেষ দর পত্র লিখিয়া বা স্বয়ং আসিয়া করিতে হয়।
শ্রীবিনয় কুমার পণ্ডিত, রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ।

৩০শ বর্ষ } রঘুনাথগঞ্জ—মুর্শিদাবাদ ১২ই জ্যৈষ্ঠ বুধবার ১৩৫০ ইংরাজী 26th May 1943 { ২য় সংখ্যা।

এই জনগণ জাগরণকালে স্ত্রী-পুরুষের মহাবন্ধু

## হিলিংবাম

সেবনে মেহরোগ চির আরোগ্য ও নবযৌবন পুনঃপ্রতিষ্ঠিত হইবে

১ মাত্রায় পরিচয় পাইবেন, সপ্তাহে আরোগ্য হইবেন।

৪৫ বৎসর ধরিয়া রোগী ও চিকিৎসক উভয় দলের নিত্য ব্যবহার্য্য। আই-এম-এস, এম-ডি-এফ-আর-সি-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, এল-আর-সি-পি, এল-আর-সি-এস প্রভৃতি উপাধি-ধারী ডাক্তারগণ কর্ত্তৃক অতি উচ্চ প্রশংসিত ও পৃষ্ঠপোষিত। প্রশংসাকারী দুই একজন ডাক্তারের নাম দেখুন :—

কর্ণেল কে, পি, গুপ্ত আই-এম-এস, এম-ডি, এফ-আর-সি-এস ইত্যাদি; লেঃ কর্ণেল এন, পি, সিংহ, আই-এম-এস, এম-আর-সি-পি, এম-আর-সি-এস, সার্জ্জন মেজর বি, কে, বসু, আই-এম-এস, এম-ডি-সি এম, ইত্যাদি।

মূল্য বড় শিশি ৩৲, মাঝারি ২।০, ছোট ১৸০ ডাক মাশুলাদি স্বতন্ত্র। বিশেষ বিবরণ সম্বলিত তালিকা-পুস্তক লিখিলে বিনামূল্যে পাঠাই।

## স্যাণ্টো

স্বর্ণঘটিত সালসা—স্নায়বিক দৌর্ব্বল্যের মহৌষধ। পারদ গরমী এবং যাবতীয় রক্তদুষ্টিতে অব্যর্থ।

মূল্য প্রতি শিশি ( ১৬ দিনের উপযোগী ) ২৲; ৩টী একত্রে ৫।০ ডাক মাশুলাদি স্বতন্ত্র।

আর, লগিন এণ্ড কোং—ম্যানুঃ—কেমিষ্টস্।

১৪৮, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা। টেলিগ্রাম—"হিলিং" কলিকাতা।

## গৃহ-রক্ষা

গৃহরক্ষার জন্যই জীবন-বীমা। গৃহ জাতীয় জীবনের প্রকৃষ্টতম প্রয়োজন, পৃথিবীর আশা-ভরসার স্থল। গৃহকে বাঁচাইয়া রাখিবার কাজে যাহার সার্থকতা আছে, তাহার প্রভাবও অপরিসীম। যিনি পরিবার প্রতিপালন করেন, তিনিই ত' সংসারের প্রধান আশ্রয়। তাঁহারি চারিদিকে গৃহ নীড় রচিত হয়। তাঁহার অভাবে গৃহ-সংসার বিধ্বস্ত ও বিক্ষিপ্ত হইয়া পড়ে—পারিবারিক বন্ধনও শিথিল হইয়া আসে। কিন্তু সেই প্রতিপালকের স্থানে জীবন-বীমা সংসার প্রতিপালনের দুরূহ ভার গ্রহণ করে। সংসার ধ্বংসের হাত হইতে রক্ষা পায়—জাতীয় জীবনের শক্তি অব্যাহত থাকে।

আপনার প্রয়োজন অনুযায়ী সম্পূর্ণ নির্ভরযোগ্য বীমাপত্র দিতে পারে

আর্থিক পরিচয়

| | | | |
|---|---|---|---|
| নূতন বীমা (১৯৪১) | ... | ... | প্রায় ৩ কোটি টাকা |
| মোট চলতি বীমা | ... | ... | ১৮ কোটি ৯৯ লক্ষ টাকার উপর |
| বীমা তহবিল | ... | ... | ৪ „ ২৩ „ „ „ |
| মোট সম্পত্তি | ... | ... | ৪ „ ৬৩ „ „ „ |
| দাবী-শোধ ( ১৯০৭-৪১ ) | ... | ... | ২ „ ৫০ „ „ „ |
| প্রিমিয়াম আয় | ... | ... | প্রায় ১ কোটি টাকা |

### হিন্দুস্থান কো-অপারেটিভ্ ইন্সিওরেন্স সোসাইটি, লিমিটেড,

হেড অফিস
হিন্দুস্থান বিল্ডিংস,
কলিকাতা

ব্রাঞ্চ
বোম্বাই, মাদ্রাজ, দিল্লী, লাহোর, লক্ষ্ণৌ, নাগপুর, পাটনা ও ঢাকা।

এজেন্সী—ভারতের সর্ব্বত্র ও ভারতের বাহিরে।

সর্ব্বেভ্যো দেবেভ্যো নমঃ।

# জঙ্গিপুর সংবাদ।

১২ই জ্যৈষ্ঠ বুধবার, সন ১৩৫০ সাল

## তিউনিসিয়া দিবস

বিগত ২১শে মে শুক্রবার উত্তর আফ্রিকার মিত্রবাহিনীর বিজয় উৎসব উপলক্ষে "তিউনিসিয়া দিবস" জঙ্গিপুরে যথারীতি পালিত হইয়াছে।

## কাঙ্গালী ভোজন

জঙ্গিপুর ফৌজদারী আদালত প্রাঙ্গনে গত ২১শে মে দুপুরে হিন্দু মুসলমান দরিদ্রগণকে পৃথক পৃথক ভাবে ভোজন করান হইয়াছিল।

---

## ভাদুই ধান

এ অঞ্চলে ভাদুই ধান ঠিক সময়েই বপন করা হইয়াছে। কিন্তু বৃষ্টি অভাবে ধান গাছ শুকাইয়া যাইতেছে। যদি শীঘ্র বৃষ্টি না হয় তবে সমস্ত ফসলই নষ্ট হইয়া যাইবে। বৃষ্টির জন্য কৃষক সম্প্রদায় হা হুতাশ করিতেছে।

---

## খাদ্যসমস্যা সমাধানে ভারত সরকার

ভারত গবর্ণমেণ্ট নিম্নলিখিত ইস্তাহার প্রচার করিয়াছেন—

পারিবারিক চাহিদা মিটাইবার পক্ষে পর্য্যাপ্ততা স্বত্ত্বেও উত্তর-পূর্ব্ব ভারতে চাউলের অবস্থার সামান্য উন্নতি দেখা দেওয়ায় কেন্দ্রীয় গবর্ণমেণ্ট আসাম, বাঙ্গলা, বিহার, উড়িষ্যা এবং পূর্ব্ব ভারতীয় দেশীয় রাজ্যগুলির মধ্যে খাদ্যদ্রব্য এবং অন্যান্য উৎপন্ন দ্রব্যের অবাধ ব্যবসায় বাণিজ্যে যে সব বাধানিষেধ ছিল প্রথম ও শেষোক্ত স্থানের দুইটী অঞ্চল ব্যতীত তাহা তুলিয়া দিবার সিদ্ধান্ত করিয়াছেন। তদনুসারে ১৮ই মে হইতে এই বিস্তৃত অঞ্চলের ব্যবসায়িগণ খাদ্যশস্য আমদানী রপ্তানী এবং বিক্রয় করিতে পারিবেন এবং অবাধ ব্যবসা-বাণিজ্যে যে সব বাধানিষেধ ছিল তাহা আর থাকিবে না। স্থানীয় গবর্ণমেণ্টগুলিও খাদ্যশস্য নিয়ন্ত্রণ আইনানুসারে মজুদ খাদ্যদ্রব্য ক্রেতাদিগকে বিক্রয়ের জন্য অনুরূপ ব্যবস্থা অবলম্বন করিতেছেন।

### স্যার আজিজুল হকের বিবৃতি

ভারত সরকারের বাণিজ্যসচিব স্যার আজিজুল হক নিম্নলিখিত মর্ম্মে একটী বিবৃতি প্রচার করিয়াছেন :—এ সম্বন্ধে আমার কোন সন্দেহ নাই যে, পূর্ব্বাঞ্চলের ভিতরে পুনরায় খাদ্যশস্যের অবাধ ব্যবসায় প্রবর্ত্তন সম্পর্কে ভারত সরকার যে সিদ্ধান্ত করিয়াছেন তাহার ফলে শীঘ্রই বর্ত্তমান খাদ্যাবস্থার উন্নতি হইবে। জনসাধারণকে এবং সংশ্লিষ্ট সমস্ত লোককে আমি এই আশা দিতে পারি যে, বর্ত্তমান অবস্থার উন্নতি সাধনকল্পে ভারত সরকার সর্ব্বপ্রকার প্রয়োজনীয় পন্থা এবং ব্যবস্থা অবলম্বন করিতে কৃতসঙ্কল্প হইয়াছেন। স্বাভাবিক অর্থনৈতিক অবস্থা পুনঃ প্রবর্ত্তনকল্পে আমরা যে চেষ্টা করিতেছি, তাহার সঙ্গে সঙ্গে মজুত রাখা, অতিরিক্ত লাভ করা এবং যাহারা এই প্রদেশের বর্ত্তমান খাদ্যাবস্থার সুযোগ গ্রহণের জন্য প্রলুব্ধ হইতে পারে, তাহাদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা অবলম্বনের প্রয়োজন হইবে। আমি লক্ষ্য করিয়া আনন্দিত হইলাম যে, প্রাদেশিক গবর্ণমেণ্ট এই বিষয়ের প্রতি সম্পূর্ণরূপে অবহিত আছেন এবং এই সম্পর্কে অবিলম্বে ব্যবস্থা অবলম্বন করিতে চাহেন। আমি সেদিনও এই কথা বলিয়াছি যে, খাদ্যদ্রব্যের বর্ত্তমান অবস্থার অতিরিক্ত লাভ করিবার উদ্দেশ্যে অথবা জনসাধারণের বৃহত্তর অংশের ক্ষতি করিয়া যদি কেহ খাদ্যদ্রব্য মজুত করে, তবে দেশের সর্ব্বোত্তম স্বার্থের প্রতি সে সর্ব্বাপেক্ষা অধিক পরিমাণে বিশ্বাসঘাতকতা করিবে। আমার নিশ্চিত বিশ্বাস আছে যে, এই অন্যায় ব্যবস্থার উচ্ছেদ সাধনের জন্য সকলেই একযোগে কাজ করিবেন। ব্যবসায়িগণকে আমি বর্ত্তমান অবস্থা অনুযায়ী কাজ করিতে অনুরোধ করিতেছি। স্বাভাবিক অর্থনৈতিক অবস্থা ফিরাইয়া আনিবার জন্য আমি সংবাদপত্রসমূহকেও সর্ব্বপ্রকার সম্ভাব্য উপায়ে আমাদের সহিত সহযোগিতা করিতে অনুরোধ করিতেছি। আসুন, আমাদের দেশের লক্ষ লক্ষ জনসাধারণের সর্ব্বোত্তম স্বার্থরক্ষার জন্য আমরা একাগ্রচিত্তে আমাদের সমস্ত শক্তি ও সম্পদ নিয়োগ করি। ইহার পর যখন অবস্থার উন্নতি হইবে তখন আমাদের সকলেই রাষ্ট্রনৈতিক অর্থনৈতিক এবং সংখ্যা বিষয়ক বিতর্কে যোগদানের জন্য যথেষ্ট সময় পাইবেন।

---

## নীলামের ইস্তাহার

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী অ
### নীলামের দিন ১৪ই জুন ১৯

১৯৪২ সালের ডিক্রীজারী

৯৪০ থাং ডিঃ কমন ম্যানেজার সতীনাথ
সুমেরী বিবি দিং দাবি ১৪।৯ থানা রঘুন
ঝামড়া ২-৭১ শতকের কাত ৩৵৬ আঃ ২৫৲

১৯৪৩ সালের ডিক্রীজারী

৪১৪ থাং ডিঃ সেবাইত মণিমোহন চৌ
আলি সেখ দাবি ৩৪।৯ থানা রঘুনাথগঞ্জ মে
১-৬ শতকের কাত ৭৲ আঃ ১০৲

৪০৮ থাং ডিঃ ধনপতি লালা দিং দেং ন
দাবি ১৮৲ থানা সুতী মৌজে অজগরপাড়
কাত ২।০ আঃ ১৫৲ থং ৬৯

৩৯৩ থাং ডিঃ রিসিভার হরেন্দ্রনাথ দাস
মণ্ডল দাবি ৪১১০ থানা সুতী মৌজে হো
শতকের কাত ৬৮৶৯ আঃ ২৫৲ থং ৩ রায়ত

৪১৩ থাং ডিঃ লুটবিহারী দত্ত দেং যদ্ব
দাবি ১২।৯ থানা সুতী মৌজে সাদিকপুর ১
কাত ২৶৪ পাই আঃ ১০৲ থং ৫৫৯ রায়ত স্থি

---

### চৌকি জঙ্গিপুর প্রথম মুন্সেফী
### নীলামের দিন ১৫ই জুন ১৯

১৯৪৩ সালের ডিক্রীজারী

৪২৬ থাং ডিঃ দোলগোবিন্দ দাস দেং
মণ্ডল দাবি ৩৩৮/৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে
খারিজ বাদে ২৭ শতকের কাত বৃদ্ধিসহ
থং ২০০ রায়ত স্থিতিবান

৪২৭ থাং ডিঃ ঐ দেং সুবাসিনী দেবী
থানা ঐ মৌজে দোলনীয়া ১-৭৮ শতকের
৫৶৩ আঃ ১৫৲ থং ১৪৯ ঐ স্বত্ব

৩৯৯ থাং ডিঃ শচীন্দ্রনাথ রায় দেং যতী
দাবি ১৪।৶৬ থানা সুতী মৌজে বংশবাটী
কাত ১।/৭। আঃ ৫৲ থং ১৬৬

৪০০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১৩।৵৩
৬ শতকের কাত ।৵১০ আঃ ২৲ থং ১৬০৯

৪২২ থাং ডিঃ শ্রীশচন্দ্র মণ্ডল দেং মধুসূদন
দিং দাবি ১৩।৵৯ থানা রঘুনাথগঞ্জ মৌজে
শতকের কাত ১।০ আঃ ১০৲ থং ৮৩৭

১৯ মনি ডিঃ তনসুকদাস শেঠী দেং সতীশচন্দ্র সরকার দিং দাবি ১১৯॥৵৩ থানা সুতী মৌজে শিধরী ৮-৬৯ শতকের কাত ২৮৶৭ জমার অন্তর্গত ৫॥০ বিঘা আঃ ২০৲ থং ২৯৯ রায়ত স্থিতিবান ২নং লাট মৌজাদি ঐ ৭-২ শতকের কাত ২০৮৶৬ জমার অন্তর্গত ৪৮১ বিঘা আঃ ১০৲ থং ৩০০ ৩নং লাট মৌজাদি ঐ ২-৭৫ শতকের কাত ৯৵৯ জমার অন্তর্গত ১৮২ বিঘা আঃ ১০৲ থং ৩০০ ৪নং লাট মৌজে গোপালনগর ৩-৭২ শতকের কাত ১১৶০ জমার অন্তর্গত ২॥০ বিঘা আঃ ১০৲ থং ১৮৫ ৫নং লাট মৌজে ঐ ২-২৫ শতকের কাত ৮॥৵১ জমার অন্তর্গত ১॥৩ আঃ ১০৲ থং ১৮৭

২৬ মনি ডিঃ ঐ দেং ঐ দাবি ৫৭॥৵৬ মৌজাদি ঐ ৮-৬৯ শতকের কাত ২৮৶৭ জমার অন্তর্গত ৫॥০ আঃ ১০৲ থং ২৯৯ ২নং লাট মৌজাদি ঐ ৭-২ শতকের কাত ২০৮৶৬ জমার অন্তর্গত ৪৮১ বিঘা আঃ ১০৲ থং ৩০০ ৩নং লাট মৌজাদি ঐ ২-৭৫ শতকের কাত ৯৵৯ জমার অন্তর্গত ১৮২ বিঘা আঃ ১০৲ থং ৩০০ ৪নং লাট মৌজে গোপালনগর ৩-৭২ শতকের কাত ১১৶০ জমার অন্তর্গত ২॥০ বিঘা আঃ ১০৲ থং ১৮৫ ৫নং লাট মৌজে ঐ ২-২৫ শতকের কাত ৮॥৵১ জমার অন্তর্গত ১॥৩ বিঘা আঃ ১০৲ থং ১৮৭

১২ মনি ডিঃ ভোলানাথ সাহা দিং দেং শরৎচন্দ্র বসু দিং দাবি ২১৴৬ থানা ও মৌজে রঘুনাথগঞ্জ ১১ শতকের কাত ৭।০ ডিক্রীদারের অংশ ৪৻৬ আঃ ১০৲ থং ৪৯৮ উক্ত জমির উপর পোক্তা বসত বাটী মায় তীর, বরগা, চৌকাঠ, কপাট, জানালা ও কাঁঠাল বৃক্ষ ইত্যাদি

৭৪ মনি ডিঃ ঐ দেং আনেশমহম্মদ সেখ দাবি ১৭৻৩ থানা ঐ মৌজে জঙ্গিপুর ২১ শতকের কাত ১০৲ আঃ ১০৲ থং ৫৯৮ উক্ত জমির উপর পোক্তা বসত বাটী মায় তীর, বরগা, ইট, কাঠ, জানালা, চৌকাঠ ও কপাট ইত্যাদি সহ

৪২৪ থাং ডিঃ লুটবিহারী দত্ত দেং মেহের আলি বিশ্বাস দিং দাবি ৫৯৮৵৬ থানা রঘুনাথগঞ্জ মৌজে পানানগর ২-৩৩ শতকের কাত ১৩৮৩ আঃ ৫০৲ থং ১৬৭ রায়ত স্থিতিবান

---

## চৌকি জঙ্গিপুর দ্বিতীয় মুন্সেফী আদালত

## নীলামের দিন ২১শে জুন ১৯৪৩

### ১৯৪৩ সালের ডিক্রীজারী

৩১৩ থাং ডিঃ ওয়াকফ ষ্টেটের জয়েন্ট মাতোয়ালি মোঃ হুমায়ুন রেজা চৌধুরী দিং দেং গাজিরুদ্দিন বিশ্বাস দিং দাবি ৬৩।৯ থানা সমসেরগঞ্জ মৌজে বাহাদুরপুর ২।৪৻১২ ধুলের কাত ২৮৶৩ আঃ ১৫৲ থং ৮৯ অধিনস্থ থং ৯০

৩১৪ থাং ডিঃ ঐ দেং গাজিরুদ্দিন বিশ্বাস দাবি ১৮৮৶০ মৌজাদি ঐ ৩/১৻১৬ ধুলের কাত ৩।৵০ আঃ ১৫৲

৩৪৫ থাং ডিঃ রায় সুরেন্দ্রনারায়ণ সিংহ বাহাদুর দেং ধনী বেওয়া দাবি ২০৮/৩ থানা সাগরদীঘি মৌজে দস্তরহাট ৩১ শতকের কাত ৩/৬ আঃ ১০৲ থং ২৬

৬৮৫ থাং ডিঃ হীরেন্দ্রনাথ রায় দিং দেং দোসর মণ্ডল দিং দাবি ২০॥৶৯ থানা সমসেরগঞ্জ মৌজে মমরেজপুর ১-৬০ শতকের কাত ১॥০ থং ৫০৫।২৭৩

৩৪৯ থাং ডিঃ সেবাইত আশুতোষ চক্রবর্ত্তী দিং দেং সেবাইত শিবশঙ্কর শর্ম্মা মহান্ত দাবি ৩০৮৵৬ থানা সমসেরগঞ্জ মৌজে বলবলপাড়া ওরফে যাদবনগর ৬৩-২৩ শতকের কাত ৪৯/০ আঃ ৩০০৲ থং ২৮১

৪ মনি ডিঃ মহারাজা শশিকান্ত আচার্য্য বাহাদুর দেং যোগেন্দ্রনাথ দাস দিং দাবি ৩৪॥৶৬ থানা সুতী মৌজে নিজ নুরপুর ৯-২৯ শতকের কাত ১২।৶৬ তন্মধ্যে ২-৩৩ শতকের কাত ৩/১০॥ আঃ ২৫৲ থং ১১০

৪ মর্গেজ ডিঃ অশ্বিনীকুমার সরকার দেং মোনিয়ম বিবি দাবি ৩৬০৮৶০ থানা সুতী মৌজে চান্দনিদহা ১২।১ কাঠার অন্তর্গত ৬॥০ বিঘার কাত ৫৻১৮ আঃ ৫০৲ থং ৫৯০ ২নং লাট মৌজাদি ঐ ১১২॥২৵০ বিঘার কাত ৬৪৵৬॥ জমার অন্তর্গত ৩১/২॥ আঃ ১০০৲ থং ১৩৯

---

## চৌকি জঙ্গিপুর ১ম মুন্সেফী আদালত

## নীলামের দিন ১২ই জুলাই ১৯৪৩

### ১৯৪৩ সালের ডিক্রীজারী

৪৫৩ থাং ডিঃ কুমার বীরেন্দ্রনাথ রায় বাহাদুর দেং মতিলাল মণ্ডল দাবি ১৩৵০ থানা রঘুনাথগঞ্জ মৌজে রঘুনাথপুর ১০ শতকের কাত ১॥০ আঃ ৫৲ থং ১৭৮

৪৫৪ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৮॥৶০ মৌজাদি ঐ ৫ শতকের কাত ৮৮৮ আঃ ২৲ থং ১৭৭

৪৫৫ থাং ডিঃ ঐ দেং মহেন্দ্রনাথ মণ্ডল দিং দাবি ১২॥৵৬ থানা ঐ মৌজে বীরেন্দ্রনগর ৫৩ শতকের কাত ১/৫ আঃ ৫৲ থং ১২০

৪৫৬ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ১২৶৩ মৌজাদি ঐ ২৩ শতকের কাত ১৲ আঃ ২৲ থং ১২০

৪৫৭ থাং ডিঃ ঐ দেং ক্ষান্তবালা কোটালনী দাবি ৪৬॥/০ থানা ঐ মৌজে রাজানগর ৬-৭০ শতকের কাত ৮৲ আঃ ২৫৲ থং ৩৫

৪৫৮ থাং ডিঃ ঐ দেং গিরিশচন্দ্র মণ্ডল দাবি ৩২॥৬ থানা ঐ মৌজে রঘুনাথপুর ১৮ শতকের কাত ৩॥০ আঃ ১৫৲ থং ৪০

৪৫৯ থাং ডিঃ ঐ দেং ভাদু মণ্ডল দিং দাবি ৩৭।০ থানা ঐ মৌজে বীরেন্দ্রনগর ১-২১ শতকের কাত ৪।০ আঃ ২০৲ থং ৫১

৪৩১ থাং ডিঃ হাতিমন বেঙ্গানি দেং আশুতোষ সিংহ দিং দাবি ১৫৶৯ থানা সুতী মৌজে মহেন্দ্রপুর ২-৫৫ শতকের কাত ৩৮৶০ আঃ ৫৲ থং ১০৯

৪৩৭ থাং ডিঃ কৃষ্ণচন্দ্র সাহা দিং দেং শৈলবালা বর্ম্মণ্যা দিং দাবি ৮৯৮৶৯ থানা সুতী মৌজে সেখপুরা ইচলিপাড়া ৪-৬২ শতকের কাত ৯৲ আঃ ৬৫৲ থং ১১১৯

৪৩৮ থাং ডিঃ যোগেন্দ্রচন্দ্র খাঁ দেং বিভূতি সরকার দিং দাবি ২৯৶৩ থানা সুতী মৌজে কিশোরপুর ১ ৮৪ শতকের কাত ৹৪৵৯ আঃ ২০৲ থং ১৮৪

৪৩৯ থাং ডিঃ ঐ দেং আশুতোষ সরকার দিং দাবি ৬২।৵০ মৌজাদি ঐ ৯-৯৭ শতকের কাত ২২।৵৯ আঃ ৫০৲ থং ৩০১

৪৪০ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৪৩॥৵৬ মৌজাদি ঐ ৬-৪৩ শতকের কাত ১৫৲৯ আঃ ৬৫৲ থং ৩০৩

৪৪১ থাং ডিঃ ঐ দেং ঐ দাবি ৩৩।/৬ মৌজাদি ঐ ৪-৮৪ শতকের কাত ১১/৬ আঃ ২৫৲ থং ৩০৬

৪৪২ থাং ডিঃ ঐ দেং রাখালচন্দ্র দাস দিং দাবি ২৭॥৶০ মৌজাদি ঐ ৪-৬৫ শতকের কাত ৮৮৯ আঃ ২০৲ থং ২৪২

৩৪ মনি ডিঃ মেদিনীপুর জমিদারী কোং লিঃ দেং চাঁদমল সেরাওগী দিং দাবি ৪৪৮৵৩ থানা রঘুনাথগঞ্জ মৌজে ডেনিশগঞ্জ ২০ শতকের কাত ৩২।০ আঃ ১৫৲

৩৫ মনি ডিঃ রাজেন্দ্রনারায়ণ চট্টোপাধ্যায় দেং প্রসন্নকুমার দাস দাবি দেওয়া নাই থানা সমসেরগঞ্জ মৌজে নপাড়া ১-৯১ শতকের কাত ১২/৩ তন্মধ্যে দেন্দারের ৬৪ শতকের কাত ৪৻৬ আঃ ২৫৲ থং ১৬৬ মোকররী স্বত্ব

---

( বাহির পৃষ্ঠা দেখুন )

রঘুনাথগঞ্জ পণ্ডিত প্রেসে—শ্রীবিনয়কুমার পণ্ডিত কর্ত্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।

## নোটিশ

এতদ্দ্বারা পার্শ্বে স্বাক্ষরকারী বিশেষ অনুসন্ধানে অবগত হইয়া জানাইতেছেন জেলা মুর্শিদাবাদ রঘুনাথগঞ্জ নিবাসী আমার পিতা ৺বিপিনচন্দ্র সরকারের স্ত্রী শৈলবালা সরকার আমার পিতার ঋণ পরিশোধ ও নিজ ভরণপোষণ ও চিকিৎসা ব্যয় আদি নির্ব্বাহ জন্য ঐ মোকামের শ্রীসুরেশচন্দ্র ঘোষকে কবালায় লিখিত নিম্ন তপশিল বর্ণিত সম্পত্তি ২৫০০৲ টাকা গ্রহণ করিয়া বিক্রয় করিয়াছেন। প্রকৃত পক্ষে এই জমি ও পাকা বাটী কবালা সম্পাদনের তারিখ হইতে সুরেশচন্দ্র ঘোষের দখলে আছে ও তাহার স্বত্ব স্বামিত্ব জন্মিয়াছে। এতদর্থে নিম্ন তপশিল বর্ণিত সম্পত্তি পার্শ্বে স্বাক্ষরকারীর কোন দাবা দাওয়া নাই স্বীকারে জঙ্গিপুর সংবাদে ২৭ মাঘ ১৩৪৯ সাল তারিখের নোটিশ বাতিল করিয়া এই চরম শেষ নোটিশ দেওয়া গেল ইতি সন ১৩৫০ সাল তারিখ ১০ জ্যৈষ্ঠ।

শ্রীবিজলীপ্রভা গুপ্ত
সাং সুলতি রাজাপুর
পোঃ শিবরামপুর
জিলা ফরিদপুর

তপশিল সম্পত্তি

১। জেলা মুর্শিদাবাদ থানা মৌজা রঘুনাথগঞ্জ মধ্যে তুলসীবিহার বাটির সন্নিকটে মালিক জমিদার শ্রীশ্রী৺বৃন্দাবনবিহারী দেব ঠাকুরের সেবাইত শ্রীযুক্ত গোবিন্দদাস নাথ গং সেরেস্তায় ২।০ কাঠা জমির কাত বার্ষিক ২।০ টাকা খাজনায় যে জমি তাহা

২। উক্ত জমির উপরিস্থিত পাকা দালান সমেত দোতলা কোঠা ১টি ও একতলা কোঠায় ৩টি ও পাকা রান্নাঘর ১টি ও অন্যান্য ঘর ২টি মোট ৭টি পাকা কোঠা সমেত পাকা পায়খানা

৩। সেটেলমেণ্ট খতিয়ান নং ৬ দাগ নং ৭৬৯ ·০৬ শতাংশ

---

## বিনামূল্যে হাঁপানীর ঔষধ


নিম্ন ঠিকানায় ৺মনোহর দাস বাবাজী সাধু প্রদত্ত হাঁপানীর ঔষধ জাতিধর্ম্মনির্ব্বিশেষে বিনামূল্যে বিতরণ করা হয়। এই ঔষধ মাত্র একবার সেবন করিতে হয়। ঠিকানা ও পাঁচ পয়সার ডাকটিকিটযুক্ত থাম পাঠাইয়া মফঃস্বলে ডাকযোগে ঔষধ প্রেরিত হয়।

শ্রীসুধীন্দ্রনাথ দাস
শ্রীযুক্ত রায় মহেন্দ্রনাথ দাস বাহাদুরের বাটী





## সুরবল্লী




যে সব ডাক্তাররা
সুরবল্লী ব্যবস্থা করে
দেখেছেন তাঁরা সবাই একমত যে এরূপ উৎকৃষ্ট রক্তপরিষ্কারক উপদংশ নাশক ও "টনিক" ঔষধ খুব কমই আছে।

সর্ব্বপ্রকার চর্ম্মরোগ, ঘা, স্ফোটক, নালি, রক্তদুষ্টি প্রভৃতি নিরাময় করিতে ইহার শক্তি অতুলনীয়।

ইহা যকৃতের ক্রিয়া নিয়ন্ত্রণ করিয়া অগ্নি, বল ও বর্ণের উৎকর্ষ সাধন করে। গত ৬০ বৎসর যাবৎ ইহা সহস্র সহস্র রোগীকে নিরাময় করিয়াছে।

সি. কে. সেন এণ্ড কোং লিঃ
জবাকুসুম হাউস, কলিকাতা

মহা সমর! মহা সমর!!

এই দুর্দ্দিনে দেশের অর্থ দেশে রাখুন। এবং দেশের সহস্র সহস্র নরনারীর অন্ন-সংস্থানের সহায়তা করুন। ভারতে উৎপন্ন তামাকে হাতে তৈয়ারী ভারত বিখ্যাত

## মোহিনী বিড়ি

যাহা মোহিনী বিড়ি, মোহিনী ২৪৭ বা ২৪৭ নং বিড়ি বলিয়া পরিচিত, সেবন করুন। ধূমপানে পূর্ণ আমোদ পাইবেন। আমাদের প্রস্তুত বিড়, বিশুদ্ধতার গ্যারাণ্টি দিয়া বিক্রয় করা হয়। পাইকারী দরের জন্য লিখুন। একমাত্র প্রস্তুতকারক ও স্বত্বাধিকারীঃ—মুলজী সিক্কা এণ্ড কোং

হেড অফিসঃ—
৫১, এজরা ষ্ট্রীট, কলিকাতা।

মোহিনী বিড়ির শাখাসমুহঃ—১৬০নং নবাবপুর রোড, ঢাকা; সরায়গঞ্জ, মজঃফরপুর, বি-এন-ডবলিউ-আর। ফ্যাক্টরী—মোহিনী বিড়ি ওয়ার্কস, গোণ্ডিয়া, (সি, পি) বি-এন-আর। আমাদের নিকট বিড়ি প্রস্তুতের তামাক ও পাতা খুচরা ও পাইকারী হিসাবে পাওয়া যায়। দরের জন্য পত্র লিখুন।